

নম্বর: ১৭.০৩.৪৬০০.০০০.৩৬.০২৭(১).২৩-২১

তারিখ: ২১/১১/২০২৩ খ্রি.

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি-২০২৪, রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টার ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

০২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে ব্যক্তিবর্গের পোস্টার ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।


ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ:

খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাছে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, খাগড়াছড়ি পার্বত্য জেলার ০১ টি সংসদীয় আসনে (২৯৮-খাগড়াছড়ি) পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে পারবেন।



(নো: সহিদুল আলম)

জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা
ও রিটার্নিং অফিসার
২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।

তারিখ: ২১/১১/২০২৩ খ্রি.

নম্বর: ১৭.০৩.৪৬০০.০০০.৩৬.০২৭(১).২৩-২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩) পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৪) জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল),....., খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৬) জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি (বহল প্রচারের জন্য)
- ৭) উপজেলা নির্বাচন অফিসার (সকল),..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৮) সভাপতি/সাধারণ সম্পাদক, খাগড়াছড়ি প্রেসক্লাব, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৯) প্রোগ্রামার (অ:দা:), জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) নোটিশ বোর্ড,.....



জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা
ও রিটার্নিং অফিসার
২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।